

সময় : $2\frac{1}{2}$ ঘন্টা

১×১০=১০

১। সঠিক উত্তরটি খাতায় লিখঃ

ক) ৯৯৯×৪২৫ সংখ্যাকে সহজ পদ্ধতিতে গুন করতে হলে ১০০০ এর সাথে কী করতে হবে?

(i) ১ যোগ করতে হবে

(ii) ১ বিয়োগ করতে হবে

(iii) ১০ যোগ করতে হবে

(iv) ১০ বিয়োগ করতে হবে

খ) ৯টি বই এর দাম ২১৬ টাকা হলে ১২টি বইয়ের দাম কত?

(i) ১৮০ টাকা

(ii) ২৮৮ টাকা

(iii) ৩৮৮ টাকা

(iv) ২৯২ টাকা

গ) নিচের কোন তথ্যটি সঠিক?

(i) মৌলিক সংখ্যার উৎপাদকের সংখ্যা ২টি

(ii) ৮ ও ৬ এর ল.সা.গু ৮

(iii) ১৮ এর উৎপাদক ৩টি

(iv) লঘিষ্ঠ অর্থ বৃহত্তম

ঘ) অক্ষর প্রতীক সম্বলিত বাক্যকে কী বলে?

(i) খোলা বাক্য

(ii) গাণিতিক বাক্য

(iii) খোলা প্রতীক

(iv) গাণিতিক প্রতীক

ঙ) $০.১ \times ০.১১ \times ১.১ =$ কত?

(i) ০.০১২১

(ii) ০.০৫

(iii) ০.০৬

(iv) ০.৫

চ) ১ সের = কত কেজি (প্রায়)?

<http://ebd24.com>

(i) ০.৯৪

(ii) ০.৯৩

(iii) ০.৯৫

(iv) ০.৯২

ছ) সাধারণ ক্যালকুলেটরে কয়টি বোতাম থাকে?

(i) ২০

(ii) ২৫

(iii) ২৬

(iv) ২৭

জ) বর্গের কর্ণদ্বয় পরস্পরকে কত ডিগ্রী কোনে সমদ্বিখন্ডিত করে?

(i) 85°

(ii) 90°

(iii) 60°

(iv) 180°

ঝ) বাংলাদেশে ২০১১ সাল পর্যন্ত কতবার আদমশুমারি হয়েছে?

(i) ৩ বার (ii) ৪ বার (iii) ৫ বার (iv) ৬ বার

ঞ) একটি শ্রেণিতে IIII টি এবং অপর একটি শ্রেণিতে IIII টি ট্যালি আছে।

দুইটি শ্রেণির মোট ঘটন সংখ্যা কোনটি?

(i) ৮

(ii) ৯

(iii) ২০

(iv) ২১

২। সংক্ষেপে উত্তর দাও :

১×১০=১০

ক) যোগের কোন প্রক্রিয়াকে বিয়োগ বলে?

খ) মিশ্র ভগ্নাংশের অপ্রকৃত ভগ্নাংশে রূপান্তরের সূত্রটি লিখ?

গ) $\frac{1}{20}$ কে শতকরায় প্রকাশ কর।

ঘ) সময় নির্ণয়ের সূত্রটি লিখ।

ঙ) সূর্যোদয় থেকে দিন ও তারিখ শুরু হয় কোন মতে?

চ) জন সংখ্যার ঘনত্ব কি ভাবে নির্ণয় করা যায়?

ছ) বর্গ ও রম্বসের মধ্যে পার্থক্য কী?

জ) যে আয়তের দুইটি সন্নিহিত বাহু সমান তা কী?

ঝ) যে কোনো পরিসংখ্যানিক গবেষণার কাঁচামাল কী?

এ) মাসের নাম উল্লেখ না থাকলে যেকোনো মাস কত দিন ধরা হয়?

৩। মীনার নিকট ৫৯৮৭ টাকা আছে। রাজুর মীনা অপেক্ষা ২৫০ টাকা কম আছে। রানীর নিকট রাজু অপেক্ষা ৯৮৫ টাকা বেশি আছে।

ক) মীনার টাকাকে কথায় লিখ এবং সংখ্যাটিতে কয়টি অঙ্ক?

খ) রাজুর নিকট কত টাকা আছে?

গ) মীনা ডিজাইন শেখার জন্য ২২৫৪০ টাকা মূল্যের কম্পিউটার কিনার ইচ্ছা পোষণ করে। তার আর টাকা প্রয়োজন?

ঘ) রানীর নিকট মীনা অপেক্ষা কত টাকা বেশি থাকে?

ঙ) তাদের তিন জনের নিকট মোট কত টাকা আছে?

৪। একটি পুকুর খনন করতে ২০০ জন লোকের ১৫দিন লাগে। পুকুরটি ১০ দিনে খনন করতে চাইলে অতিরিক্ত কতজন নিয়োগ করা প্রয়োজন? ১০

৫। আষাঢ় মাসের প্রথম দশ দিনে ঢাকায় দৈনিক গড়ে ২৩ মি.মি. দ্বিতীয় দশ দিনে দৈনিক গড়ে ২৭ মি.মি. তৃতীয় দশ দিনে দৈনিক গড়ে ২৯ মি.মি. এবং মাসের শেষ দিনে ১৬ মি.মি. বৃষ্টিপাত হলো। ঐ মাসে ঢাকায় দৈনিক গড় বৃষ্টিপাতের পরিমাণ কত?

৬। চারটি ঘন্টা প্রথমে একত্রে বেজে প্রতি ৬, ৯, ১২ ও ১৫ মিনিট অন্তর বাজতে লাগল। ন্যূনতম কতক্ষণ পরে ঘন্টা গুলো আবার একত্রে বাজবে?

৭। কমল বাবু তার মাসিক আয়ের $\frac{1}{5}$ অংশ বাড়ি ভাড়া বাবদ $\frac{3}{8}$ অংশ

ছেলেমেয়ের পড়ার খরচ বাবদ এবং $\frac{3}{10}$ অংশ অন্যান্য কাজে ব্যয় করেন।

অবশিষ্ট টাকা ব্যাংকে জমা করেন। বছর শেষে ব্যাংকে ১৪৪০০ টাকা জমা হলে, তাঁর মাসিক আয় কত?

৮। একজন শিক্ষক ৬০.৬০ টাকা ডজন করে ৩৯৩.৯০ টাকার কমলা কিনে ১৩ জন শিক্ষার্থীর মধ্যে সমান ভাবে ভাগ করে দিলেন। তাহলে প্রত্যেক শিক্ষার্থী কয়টি করে কমলা পেল? ১০

৯। কোন পরীক্ষায় ১৫০ জন শিক্ষার্থীর মধ্যে ফেল করে ১০ জন ঐ পরীক্ষায় শতকরা কত জন পাশ করে? ১০

১০। দুইটি ত্রিভুজাকার ক্ষেত্রের সমন্বয়ে গঠিত একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ১৬ মিটার এবং প্রস্থ ১২ মিটার। আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল কত? একটি ত্রিভুজাকার ক্ষেত্রের ক্ষেত্রফল কত?

১১। ২৫ জন শিক্ষার্থীর বাংলা বিষয়ে প্রাপ্য নম্বর দেওয়া হলোঃ

৭৫, ৬৮, ৭৮, ৬৬, ৮০, ৬৫, ৭৫, ৬৭, ৮৬, ৭৫, ৬৮, ৮২, ৮৮, ৮৪, ৭২, ৬৬, ৮৫, ৭৩, ৭৬, ৭৮, ৬৭, ৭৯, ৮৬, ৮২, ৮৪। ১০

৫ শ্রেণি ব্যবধান নিয়ে উপাও গুলো বিণ্যস্ত কর।

১২। ৮৯৭৬৫ ঘণ্টাকে বছর, মাস ও দিনে পরিণত কর। ১০

১৩। ক) একটি আয়ত আঁক। আয়তটির একটি কর্ণ আঁক। এতে যে দুইটি ত্রিভুজ আঁকা হলো তাদের কোণগুলোর প্রত্যেকটির পরিমাপ মেপে উল্লেখ কর।

খ) চিত্রসহ সংজ্ঞা লিখ (যে কোন ২টি)

৩×২=৬

রম্বস, সামান্তরিক, আয়ত।